

💵 আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ উহুদ ও আহ্যাব যুদ্ধের মধ্যবর্তী সারিয়্যাহ ও অভিযানসমূহ (السَّرَايَا وَالْبُعُوْثُ بَيْنَ أُحُدٍ وَالْأَحْزَابِ রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

(১) আবূ সালামাহর অভিযান (سَرِيَّةُ أَبِيْ سَلَمَة):

উহুদ যুদ্ধের পর সর্ব প্রথম মুসলিমগণের বিরুদ্ধাচরণ করে বনু আসাদ বিন খুযায়মাহ গোত্র। মদীনায় এ মর্মে খবর পোঁছায় যে, খুওয়াইলিদের দু' ছেলে ত্বালহাহ ও সালামাহ নিজদলের লোকজন এবং অনুসারীদের নিয়ে রাসূলুল্লাহ (ﷺ) এর উপর আক্রমণ পরিচালনার জন্য বনু আসাদকে আহবান জানাছে। এ সংবাদ অবগত হয়ে নাবী কারীম (ﷺ) অত্যন্ত দ্রুততার সঙ্গে আনসার ও মুহাজিরদের সমন্বয়ে দেড় শত সৈন্যের এক বাহিনী গঠন করেন এবং আবূ সালামাহর হস্তে পতাকা প্রদান করে তাঁর নেতৃত্বাধীনে সেই বাহিনী প্রেরণ করেন। বনু আসাদের প্রস্তৃতি গ্রহণের পূর্বেই আবূ সালামাহ (রাঃ) অতর্কিতভাবে তাদের আক্রমণ করেন, যার ফলে তারা হত্চকিত হয়ে ইতস্তত বিক্ষিপ্ত হয়ে পড়ে এবং পলায়ন করে। মুসলিম বাহিনী তাদের পরিত্যক্ত উট ও বকরীর পাল এবং প্রাপ্ত গণীমতের মালামালসহ নিরাপদে মদীনা ফিরে আসেন। এ অভিযানে মুসলিম বাহিনীকে মুখোমুখী সংঘর্ষে লিপ্ত হতে হয় নি।

এ অভিযান সংঘটিত হয়েছিল চতুর্থ হিজরী মুহাররম মাসের চাঁদ উদিত হওয়ার পর। এ অভিযান থেকে প্রত্যাবর্তনের পর আবূ সালামাহ (রাঃ)-এর উহুদ যুদ্ধে আহত হওয়ার কারণে প্রাপ্ত ব্যথা পুনরায় বৃদ্ধিপ্রাপ্ত হয় এবং অল্প কালের মধ্যেই তিনি মৃত্যুমুখে পতিত হন।[1]

ফুটনোট

[1] যাদুল মা'আদ ২য় খন্ড ১০৮ পৃঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6285

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন